# WILL of GOD
# 316

## কিভাবে আমি ঈশ্বরের ইচ্ছা জানতে পারি?

*"আর এই যুগের অনুরূপ হইও না, কিন্তু মনের নূতনীকরণ দ্বারা স্বরূপান্তরিত হও; যেন তোমরা পরীক্ষা করিয়া জানিতে পার, ঈশ্বরের ইচ্ছা কি, যাহা উত্তম ও প্রীতিজনক ও সিদ্ধ।"* রোমীয় ১২:২

ঈশ্বরের ইচ্ছা জানা ও পালন করাটা হল অত্যন্ত গুরুত্বপূর্ণ। যীশুর মত হন। তিনি বলেছিলেন যে তিনি এই পৃথিবীতে এসেছিলেন, *"আমার ইচ্ছা সাধন করিবার জন্য আমি স্বর্গ হইতে নামিয়া আসি নাই; কিন্তু যিনি আমাকে পাঠাইয়াছেন, তাঁহারই ইচ্ছা সাধন করিবার জন্য,"* যোহন ৬:৩৮। ঈশ্বরের ইচ্ছার অধিকাংশই সকল বিশ্বাসীদের উপরে একই ভাবে প্রযোজ্য হয়। কিন্তু বিশ্বাসীদের এক একজনের জন্য ঈশ্বরের এক এক বিশেষ উদ্দেশ্য থাকে, যেগুলি তিনি ধীরে ধীরে আপনার কাছে প্রকাশ করবেন যখন প্রতিদিন বিশ্বস্ততার সঙ্গে তাঁর অনুসরণ করতে করতে বৃদ্ধি পেতে থাকবে। তিনি আপনাকে বোধশক্তি দেবেন। *"তুমি সমস্ত চিত্তে সদাপ্রভুতে বিশ্বাস কর; তোমার নিজ বিবেচনায় নির্ভর করিও না; তোমার সমস্ত পথে তাঁহাকে স্বীকার কর; তাহাতে তিনি তোমার পথ সকল সরল করিবেন,"* হিতোপদেশ ৩:৫–৬। সকল বিশ্বাসীদের উদ্দেশ্যে ঈশ্বরের সাধারণ ইচ্ছা আপনি বাইবেল থেকে জানেন। ঈশ্বরের বাক্য এবং একটি বিশ্বস্ত আজ্ঞাবহ জীবনের একটি পরস্পর বিরোধহীন মিশ্রণ রূপে একটি ব্যক্তি বিশেষের প্রতি তাঁর ইচ্ছাটিকে আপনি জানেন। আজ্ঞাবহ হওয়ার সেই ভিত্তি থেকে আপনার জন্য তাঁর ইচ্ছা আপনি নির্ধারণ করতে পারবেন এবং সেই ইচ্ছা পালন করতে পারবেন। ঈশ্বরকে জিজ্ঞাসা করুন। ঈশ্বরের বাক্য, তাঁর প্রজ্ঞা, তাঁর মানুষ, তাঁর শান্তি থেকে তাঁর পথ নির্দেশ প্রাপ্ত হন। আপনি যখন ঈশ্বরের ইচ্ছা জেনে যাবেন, তখন তাঁর সেই ইচ্ছা পালন করুন।

**ঈশ্বরের সাধারণ ইচ্ছা।** ঈশ্বরের সাধারণ ইচ্ছার অধিকাংশই আছে বাইবেলের নির্দেশে, নীতিতে, এবং দৃষ্টান্ততে। আপনার জীবনের জন্য ঈশ্বরের ইচ্ছা জানার মৌলিক উৎস হল বাইবেল। *"তোমার বাক্য আমার চরণের প্রদীপ, আমার পথের আলোক,"* গীতসংহিতা ১১৯:১০৫।

১) আদেশ। বিশ্বাসীদের জন্য বাইবেলে এই প্রকারের বহু আদেশ আছে, *"সতত আনন্দ কর; অবিরত প্রার্থনা কর; সর্ব্ববিষয়ে ধন্যবাদ কর; কারণ খ্রীষ্ট যীশুতে ইহাই তোমাদের উদ্দেশে ঈশ্বরের ইচ্ছা,"* ১ থিষলনীকীয় ৫:১৬–১৮। এবং *"ফলতঃ ঈশ্বরের ইচ্ছা এই, তোমাদের পবিত্রতা; যেন তোমরা ব্যভিচার হইতে দূরে থাক,"* ১ থিষলনীকীয় ৪:৩। যীশু বলেছেন *"তোমরা যদি আমাকে প্রেম কর, তবে আমার আজ্ঞা সকল পালন করিবে,"* যোহন ১৪:১৫। আদেশের প্রেক্ষাপট বুঝে নিন। ঈশ্বর নোহকে একটি জাহাজ নির্মাণ করতে বলেছিলেন, আদিপুস্তক ৬:১৪। ঈশ্বর আপনাকে সেই একই কাজ করতে বলেননি। ঈশ্বর দায়ূদকে বলেছিলেন হিব্রোণে যেতে, ২ শমূয়েল ২:১। ঈশ্বর আপনাকে এই কাজ করতে বলেন নি। ঈশ্বরের কোন আদেশকেই সেটির প্রেক্ষাপট থেকে বের করে নেবেন না।

২) নীতি। আপনার অনুসরণ করার জন্য বাইবেল সংক্রান্ত নীতি আছে। উত্তম অধ্যক্ষতার নীতি আছে লূক ১৬:১–১৩ পদে। শিষ্য হওয়ার মূল্য দেওয়া আছে লূক ১৪ অধ্যায়ের শেষের দিকে। লূক ১৫ অধ্যায়ে দেওয়া তিনটি উপমাতে আছে হারিয়ে যাওয়া মানুষদের ফিরিয়ে নিয়ে আসার নীতি। এই নীতিগুলি এবং বাইবেলে দেওয়া অন্যান্য নীতিগুলি পালন করুন।

৩) দৃষ্টান্ত। বাইবেলের নির্দেশ এবং নীতিগুলি আপনার জীবনের জন্য ঈশ্বরের সাধারণ ইচ্ছা জ্ঞাত করে। আপনার দ্বারা অনুসরণ করার জন্য বাইবেলে বিভিন্ন নীতি দেওয়া আছে। সর্বশ্রেষ্ঠ দৃষ্টান্তটি হল যীশুর জীবন। শিষ্যদের পা ধুয়ে দেওয়ার পর যীশু বলেছিলেন, *"কেননা আমি তোমাদিগকে দৃষ্টান্ত দেখাইলাম, যেন তোমাদের প্রতি আমি যেমন করিয়াছি, তোমরাও তদ্রূপ কর,"* যোহন ১৩:১৫। আমাদের উচিত ফিলিপীয় ২:৩–৫ পদে দেওয়া তাঁর বিনম্রতার দৃষ্টান্ত অনুসারে চলা। আমাদের উচিত তাঁর পদচিহ্নের অনুগমন করা, *"কারণ তোমরা ইহারই নিমিত্ত আহূত হইয়াছ; কেননা খ্রীষ্টও তোমাদের নিমিত্ত দুঃখ ভোগ করিলেন, এ বিষয়ে তোমাদের জন্য এক আদর্শ রাখিয়া গিয়াছেন, যেন তোমরা তাঁহার পদচিহ্নের অনুগমন কর,"* ১ পিতর ২:২১। যীশু বলেছেন *"কিন্তু যে তাঁহার বাক্য পালন করে, তাহার অন্তরে সত্যই ঈশ্বরের প্রেম সিদ্ধ হইয়াছে। ইহাতেই আমরা জানিতে পারি যে, তাঁহাতে আছি; যে বলে, আমি তাঁহাতে থাকি, তাহার উচিত যে তিনি যেরূপ চলিতেন, সেও তদ্রূপ চলে,"* ১ যোহন ২:৫–৬।

**একটি চেতনা।** ঈশ্বর মিথ্যা বলেন না, গীতসংহিতা ১১৯:১৬০। ঈশ্বর আপনাকে তাঁর বাক্য পালন করার দিকে পরিচালনা করবেন না, অথবা তাঁর বাক্যের অবাধ্য হতেও তিনি আপনাকে বলবেন না। আমাদের সুসজ্জিত করার জন্য যীশু নেতাদের দিয়েছেন, ইফিষীয় ৪:১১–১৪। কিন্তু চারিদিকে বহু ভ্রান্ত শিক্ষকরাও আছে, ২ তীমথিয় ৪:৩–৪। কখনো এমন বিশ্বাস করবেন না যে, ঈশ্বর আপনাকে বলছেন তাঁর বাক্যের অবাধ্য হতে। ঈশ্বর এমন কাজ করবেন না। কোন মণ্ডলীর নেতা যদি আপনাকে ঈশ্বরের বাক্যের অবাধ্য হতে বলছে, তাহলে সে হল একজন ভ্রান্ত শিক্ষক।

**এক একজন ব্যক্তির জন্য ঈশ্বরের নির্দিষ্ট ইচ্ছা।** এক একজন ব্যক্তি জন্য ঈশ্বরের নির্দিষ্ট ইচ্ছা থাকে, গীতসংহিতা ৩২:৮, হিতোপদেশ ৩:৫–৬। ঈশ্বরের সাধারণ ইচ্ছা পালন করুন। তারপর আপনার জন্য তাঁর বিশেষ ইচ্ছা জানুন, আগ্রহের সঙ্গে ঈশ্বরের থেকে সেটি জানতে চান। ঈশ্বরের বাক্য, তাঁর প্রজ্ঞা, তাঁর প্রজা, এবং তাঁর শান্তি থেকে তাঁর ইচ্ছার অন্বেষণ করুন।

**ঈশ্বরকে জিজ্ঞাসা করুন।** দায়ূদের এই প্রার্থনাটি করুন, *"তোমার ইষ্ট সাধন করিতে আমাকে শিক্ষা দেও,"* গীতসংহিতা ১৪৩:১০। প্রেরিত পৌল প্রার্থনা করেছিলেন যেন কলসীয়ের বিশ্বাসীরা *"সমস্ত আত্মিক জ্ঞানে ও বুদ্ধিতে তাঁহার ইচ্ছার তত্ত্বজ্ঞানে পূর্ণ হয়,"* কলসীয় ১:৯। আপনার নিজের জন্য, এবং অন্যদের জন্য আপনার একান্ত প্রার্থনা হওয়া উচিত, ঈশ্বরের ইষ্ট ইচ্ছা জ্ঞাত হওয়া এবং সেটি সাধন করা।

**ঈশ্বরের থেকে পথ নির্দেশ প্রাপ্ত হন।** এক একজন ব্যক্তি জন্য ঈশ্বর তাঁর ইচ্ছা প্রকাশ করেন তাঁর বাক্যের, তাঁর প্রজ্ঞার, তাঁর মানুষদের, এবং তাঁর শান্তির মাধ্যমে। ঈশ্বরের কাছে প্রার্থনা করুন যেন তিনি আপনাকে তাঁর ইচ্ছা জ্ঞাত করেন। তিনি আপনার প্রার্থনার উত্তর দেবেন এই সকল কিছুর মাধ্যমে:

১) ঈশ্বরের বাক্য। আপনার জন্য ঈশ্বরের নির্দিষ্ট ইচ্ছা জ্ঞাত হওয়া হল আপনার নিয়মিত ভাবে বাইবেল অধ্যয়নের ফল। ঈশ্বরের বাক্য থেকে যখন আপনি তাঁর প্রজ্ঞা জানতে পারবেন, তখন আপনার জন্য ঈশ্বরের ইচ্ছা আপনার কাছে স্পষ্ট হয়ে যাবে। তাঁর বাক্যের পরিপন্থী কোন কিছু করার দিকে তিনি কখনোই আপনাকে পরিচালিত করবেন না।

২) ঈশ্বরের প্রজ্ঞা। ঈশ্বরের প্রজ্ঞা আসে আত্মিক বাধ্যতার মাধ্যমে, ১ করিন্থীয় ২:১৪–১৫। *"আর এই যুগের অনুরূপ হইও না, কিন্তু মনের নূতনীকরণ দ্বারা স্বরূপান্তরিত হও; যেন তোমরা পরীক্ষা করিয়া জানিতে পার, ঈশ্বরের ইচ্ছা কি, যাহা উত্তম ও প্রীতিজনক ও সিদ্ধ,"* রোমীয় ১২:২। ঈশ্বরের কাছে তাঁর প্রজ্ঞার জন্য প্রার্থনা করুন, *"যদি তোমাদের কাহারও জ্ঞানের অভাব হয়, তবে সে ঈশ্বরের কাছে যাচ্ঞা করুক; তিনি সকলকে অকাতরে দিয়া থাকেন, তিরস্কার করেন না; তাহাকে দত্ত হইবে"* যাকোব ১:৫।

৩) ঈশ্বরের প্রজারা। ঈশ্বরের প্রজারা হলেন ঈশ্বরের ইচ্ছা জানার একটি উৎস। ঈশ্বরের বাক্য যারা সঠিক ভাবে মৌখিক ও লিখিত রূপে শিক্ষা দেন, তাঁরা এই বিষয়ে সাহায্য করতে পারেন, কলসীয় ১:২৮। পরিপক্ক বিশ্বাসীদের কাছ থেকে পরামর্শ নেওয়া খুব ভাল। একাধিক পরামর্শদাতার পরামর্শ নেওয়া একটি সুবুদ্ধির কাজ, *"মন্ত্রণার অভাবে সঙ্কল্প সকল ব্যর্থ হয়; কিন্তু মন্ত্রিবাহুল্যে সে সকল সুস্থির হয়,"* হিতোপদেশ ১৫:২২। পরিপক্ক বিশ্বাসীরা যে অভ্রান্ত, এমন নয় বটে, কিন্তু ঈশ্বরের ইচ্ছা নির্ধারণ করতে আপনাকে সাহায্য করার জন্য তাঁরা আপনাকে অর্থপূর্ণ অন্তর্দৃষ্টি দিতে পারেন।

৪) ঈশ্বরের শান্তি। ঈশ্বরের শান্তি হল ব্যক্তিগত ভাবে আপনার জন্য ঈশ্বরের ইচ্ছা জানার একটি নিশ্চয়তা, *"আর খ্রীষ্টের শান্তি তোমাদের হৃদয়ে কর্তৃত্ব করুক,"* কলসীয় ৩:১৫। *"তাহাতে সমস্ত চিন্তার অতীত যে ঈশ্বরের শান্তি, তাহা তোমাদের হৃদয় ও মন খ্রীষ্ট যীশুতে রক্ষা করিবে,"* ফিলিপীয় ৪:৭। এই শান্তি হল, প্রার্থনা সহকারে নেওয়া একটি নির্ণয় সঠিক হওয়া, বাইবেল অধ্যয়ন করা, আত্মিক প্রজ্ঞা, এবং আত্মিক ভাবে পরিপক্ক পরামর্শ দাতাদের থেকে পাওয়া অন্তর্দৃষ্টি সম্পর্কে, ঈশ্বর–দত্ত একটি গভীর অনুভূতি। ঈশ্বরের শান্তির অন্বেষণ করুন এবং সেটির জন্য অপেক্ষা করুন।

**কাজ করুন।** আপনি যখন জানতে চাইবেন কোন একটা কিছু ঈশ্বরের ইচ্ছা অনুসারে কি না, তখন ঈশ্বরের উত্তর "না" হতে পারে, যেমনটি হয়েছিল পৌলের ক্ষেত্রে, ২ করিন্থীয় ১২:৭–১০। ঈশ্বরের ইচ্ছা হতে পারে "অপেক্ষা কর।" "অপেক্ষা কর" উত্তরটি প্রচুর আশীর্বাদ নিয়ে আসতে পারে, যিশাইয় ৪০:৩১। আর ঈশ্বর যখন তাঁর উত্তরে "হাঁ" বলেন, তখন তাঁর ইচ্ছা পালন করুন, এমন কি সেটি পালন করা যদি কঠিন হয়, জনপ্রিয় না হয়, অথবা ব্যয়বহুল হয়, তাহলেও করুন। আমাদের সমস্ত হৃদয় নিয়ে ঈশ্বরের ইচ্ছা পালন করা আমাদের কাছে আনন্দের বিষয় হওয়া উচিত, গীতসংহিতা ৪০:৮, ইফিষীয় ৬:৫–৬। সেই সকল জাল উত্তর থেকে সতর্ক থাকুন, খ্রীষ্টিয়ান ধর্মের নামে যে সকল কিছু শিক্ষা দেওয়া হয়ে থাকে। আপনি যখন নিশ্চিত রূপে ঈশ্বরের ইচ্ছা জেনে যান, তখন সেটি পালন করুন।

---

তৃতীয় জন ডি মরিসের লেখা *হাউ ডু আই নো গডস উইল* © 2026 প্রকাশিত হয়েছে অ্যাক্টস ওয়ান এইট দ্বারা। বিষয় বস্তু অপরিবর্তিত রেখে, এটি আপনি বিনামূল্যে ছাপাতে, অনুলিপি করতে পারেন, পোস্ট করতে পারেন, ই-মেল করতে পারেন, সেটির সঙ্গে এই সম্পূর্ণ উক্তিটি অন্তর্ভুক্ত করে। আপনি আপনার পরিচর্যার অথবা মণ্ডলীর নাম, চিহ্ন প্রথম পৃষ্ঠার উপরে যুক্ত করতে পারেন, এবং আপনার যোগাযোগ সম্পর্কিত তথ্য দিতে পারেন দ্বিতীয় পৃষ্ঠার নীচে দেওয়া মোটা লাইনের উপরে। WillofGod316.org হল কেবল মাত্র বাইবেলের উপরে ভিত্তি করে। এটি অস্তিত্বে আছে ঈশ্বরের ইচ্ছা আবিষ্কার করতে বিশ্বাসীদের সাহায্য করার জন্য। আপনি Hello@Mail316.org। *এই ঠিকানায় অ্যাক্টস ওয়ান এইট -কে ই-মেল পাঠাতে পারেন*। অনুবাদ করা হয়েছে www.ChristianLingua.com এর দ্বারা। *হাউ ডু আই নো গডস উইল* এই পুস্তকটি বিনামূল্যে পাওয়া যায় আটচল্লিশটি ভাষায় এখানে www.WillofGod316.org। ইংরাজি সংস্করণে বাইবেলের উদ্ধৃতিগুলি দেওয়া হয়েছে দি লকম্যান ফউন্ডেসনস নিউ অ্যামেরিকান স্ট্যান্ডার্ড বাইবেল ১৯৯৫ থেকে। এই অনুবাদে বাইবেল উদ্ধৃতিগুলি দেওয়া হয়েছে বাংলা ও ভি বাইবেল থেকে।